

বিউবো'র নব নিযুক্ত সহকারী প্রকৌশলীদের বুনিয়াদি প্রশিক্ষণ এর উদ্বোধনী অনুষ্ঠান

আজ ২৮ মে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (বাবিউবো) ২০২২ ও ২০২৩ সালে নিয়োগপ্রাপ্ত সহকারী প্রকৌশলীদের বুনিয়াদি প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠিত হয়েছে। বিদ্যুৎ ভবনের মুক্তি হলে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে চেয়ারম্যান (গ্রেড-১) প্রকৌশলী মোঃ মাহবুবুর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে সদস্য অর্থ সেখ আকতার হোসেন, সদস্য উৎপাদন এস এম ওয়াজেদ আলী সরদার, সদস্য বিতরণ মোঃ মিজানুর রহমান ও সদস্য কোম্পানী অ্যাফেয়ার্স মোঃ সামছুল হক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিডিবি'র সদস্য প্রশাসন মাহমুদুল কবীর মুরাদ।

অনুষ্ঠানে ২০২৩ সালে নব নিযুক্ত ৬৩ এবং ২০২২ সালে নিযুক্ত পূর্বের বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে না পারা ৪ জনসহ মোট ৬৭ জন সহকারী প্রকৌশলী অংশগ্রহণ করেন। উল্লেখ্য, নব নিযুক্ত সহকারী প্রকৌশলীগণ আজ রবিবার থেকে ৩টি সেশনে প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর ঢাকা, প্রকৌশল একাডেমী কাপ্তাই ও ঘোড়াশাল প্রশিক্ষণ কেন্দ্রে বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে নব নিযুক্ত প্রকৌশলীদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন বাবিউবো'র চেয়ারম্যান (গ্রেড-১) প্রকৌশলী মোঃ মাহবুবুর রহমান, পিডিবি'র সদস্য অর্থ সেখ আকতার হোসেন, সদস্য প্রশাসন মাহমুদুল কবীর মুরাদ, সদস্য উৎপাদন এস এম ওয়াজেদ আলী সরদার, সদস্য কোম্পানী অ্যাফেয়ার্স মোঃ সামছুল হক ও মহাব্যবস্থাপক প্রশিক্ষণ গোবিন্দ চন্দ্র লাহা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পরিচালক প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর জাকিয়া নাজনীন পান্না। এছাড়া প্রশিক্ষার্থীদের পক্ষ থেকে রিয়াল আহমেদ নয়ন অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন।